

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

তথ্য অধিদফতর



আঞ্চলিক তথ্য অফিস, ময়মনসিংহ



সংবাদকক্ষ : ০২-৯৯৬৬৬১৩৭০ E-mail- pidmymensingh@gmail.com, Facebook: Pid Mymensingh

## সংবাদ গতিধারা

স্থানীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

সংখ্যা-১০৯/২০২২-২০২৩

ময়মনসিংহ, ১৫ ফেব্রুয়ারি, বুধবার ২০২৩, ০২ ফাল্গুন ১৪২৯

আজকের স্থানীয় দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে:

- ০১। তৈরি পোশাকের নতুন বাজার খোঁজার তাগিদ প্রধানমন্ত্রীর
- ০২। অনলাইন পত্রিকা আওতাভুক্ত করাসহ আরো শক্তিশালী হবে প্রেস কাউন্সিল: তথ্য ও সম্প্রচারমন্ত্রী
- ০৩। স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে প্রয়োজন শিক্ষিত জাতি- সংস্কৃতি প্রতিমন্ত্রী
- ০৪। খেলাধুলা শারীরিক ও মানসিকভাবে সুস্থ রাখে, সামাজিক অবক্ষয় রোধ করে: সিটি মেয়র
- ০৫। ময়মনসিংহে জনহয়রানি কমাতে বিট পুলিশিং সাইনবোর্ড স্থাপন কাজের উদ্বোধন

**০১। তৈরি পোশাকের নতুন বাজার খোঁজার তাগিদ প্রধানমন্ত্রীর**

পরিবর্তিত বিশ্ব ব্যবস্থার সঙ্গে তাল মেলাতে বাংলাদেশের তৈরি পোশাক শিল্পের জন্য নতুন নতুন পণ্য উৎপাদন ও বাজার খুঁজে বের করতে সংশ্লিষ্টদের প্রতি আহ্বান জানিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। মঙ্গলবার (১৪ ফেব্রুয়ারি) সকালে প্রধানমন্ত্রী তার সরকারি বাসভবন গণভবন থেকে ভার্চুয়ালি যুক্ত হয়ে ‘জাতীয় বস্ত্র দিবস-২০২২’ উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণে এ আহ্বান জানান। রাজধানীর বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে বস্ত্র ও পাট মন্ত্রণালয় এ অনুষ্ঠানের আয়োজন করে। অনুষ্ঠানে তিনি ছয়টি জেলায় ছয়টি টেক্সটাইল শিক্ষা প্রতিষ্ঠানেরও উদ্বোধন করেন। সূত্র: দৈনিক স্বজন, দৈনিক ব্রহ্মপুত্র এক্সপ্রেস, দৈনিক নিউ টাইমস, আজকের বাংলাদেশ, দৈনিক দেশের খবর ও দৈনিক উর্ষিবাংলা প্রতিদিন।

**০২। অনলাইন পত্রিকা আওতাভুক্ত করাসহ আরো শক্তিশালী হবে প্রেস কাউন্সিল: তথ্য ও সম্প্রচারমন্ত্রী**

তথ্য ও সম্প্রচারমন্ত্রী হাছান মাহমুদ বলেছেন, যুগের প্রয়োজনে প্রেস কাউন্সিল আরো শক্তিশালী হবে, অনলাইন পত্রিকাগুলোও এর আওতায় আসবে। ১৪ ফেব্রুয়ারি প্রেস কাউন্সিল দিবস উপলক্ষে এদিন (মঙ্গলবার) দুপুরে রাজধানীর তোপখানা রোডে কাউন্সিলের মিলনায়তনে আয়োজিত আলোচনা সভায় মন্ত্রী এসব কথা বলেন। এসময় তিনি বাংলাদেশের গণমাধ্যম অনেক উন্নয়নশীল দেশের চেয়েও স্বাধীন এমনটা উল্লেখ করেন। এর আগে কাউন্সিল চত্বরে জাতীয় সংসদে জাতীয় পতাকা উত্তোলন করেন তিনি। সূত্র: দৈনিক স্বদেশ সংবাদ, দৈনিক ব্রহ্মপুত্র এক্সপ্রেস ও দৈনিক নিউ টাইমস।

**০৩। স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে প্রয়োজন শিক্ষিত জাতি- সংস্কৃতি প্রতিমন্ত্রী**

সংস্কৃতি প্রতিমন্ত্রী কে এম খালিদ বলেছেন, স্মার্ট বাংলাদেশ বিনির্মাণের জন্য একটি শিক্ষিত জাতি আমাদের গড়ে তুলতে হবে। মেয়ে শিক্ষার্থীদের আরও এগিয়ে আসতে হবে। মাননীয় প্রধানমন্ত্রী এলক্ষ্যে নিরলসভাবে কাজ করে যাচ্ছেন। মঙ্গলবার (১৪ ফেব্রুয়ারি) ময়মনসিংহের মুক্তাগাছার খামারের বাজার উচ্চ বিদ্যালয় ও রাঘুনাথপুর উচ্চ বিদ্যালয়ের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা ও পুরস্কার বিতরণ অনুষ্ঠান-২০২৩ এ প্রধান অতিথি হিসেবে অংশগ্রহণকালে প্রতিমন্ত্রী এসব কথা বলেন। সূত্র: দৈনিক স্বজন, দৈনিক ব্রহ্মপুত্র এক্সপ্রেস, দৈনিক নিউ টাইমস, আজকের বাংলাদেশ, দৈনিক দেশের খবর ও দৈনিক উর্ষিবাংলা প্রতিদিন।

**০৪। খেলাধুলা শারীরিক ও মানসিকভাবে সুস্থ রাখে, সামাজিক অবক্ষয় রোধ করে: সিটি মেয়র**

ময়মনসিংহ সিটি কর্পোরেশনের মেয়র মো. ইকরামুল হক টিটু বলেছেন, খেলাধুলা শারীরিক ও মানসিকভাবে সুস্থ রাখে, সামাজিক অবক্ষয় রোধ করে। পরবর্তী প্রজন্মের সঠিকভাবে বেড়ে ওঠা ও বিকাশে খেলাধুলা অত্যন্ত গুরুত্বপূর্ণ। মঙ্গলবার (১৪ ফেব্রুয়ারি) সকালে ময়মনসিংহের সার্কিট হাউজ জিমনেশিয়াম মাঠে ময়মনসিংহ সিটি কর্পোরেশন আয়োজিত শেখ কামাল আন্তঃস্কুল ও মাদ্রাসা অ্যাথলেটিক্স প্রতিযোগিতা-২০২৩ এ প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন মেয়র। সূত্র: দৈনিক স্বজন, দৈনিক ব্রহ্মপুত্র এক্সপ্রেস, দৈনিক নিউ টাইমস, আজকের বাংলাদেশ, দৈনিক দেশের খবর ও দৈনিক উর্ষিবাংলা প্রতিদিন।

**০৫। ময়মনসিংহে জনহয়রানি কমাতে বিট পুলিশিং সাইনবোর্ড স্থাপন কাজের উদ্বোধন**

জনগণের দোরগোড়ায় পুলিশী সেবা পৌঁছে দিতে ময়মনসিংহ বিট পুলিশিং সাইনবোর্ড স্থাপন কাজের উদ্বোধন করা হয়েছে। মঙ্গলবার (১৪ ফেব্রুয়ারি) সকালে কোতোয়ালি মডেল থানার ৩নং জয়নাল আবেদীন পার্কের সাইনবোর্ড, নগরীর টাউনহল মোড়ে আনুষ্ঠানিকভাবে উদ্বোধন করেন ময়মনসিংহ পুলিশ সুপার মাছুম আহাম্মদ ভূঞা। সূত্র: দৈনিক স্বদেশ সংবাদ, দৈনিক স্বজন, দৈনিক আজকের ময়মনসিংহ, দৈনিক সবুজ, দৈনিক জাহান, দৈনিক নিউ টাইমস, দৈনিক দেশের খবর, দৈনিক সকালের দুনিয়া, দৈনিক আজকের খবর ও দৈনিক উর্ষিবাংলা প্রতিদিন।

## সম্পাদকীয়

- (ক) **দৈনিক স্বদেশ সংবাদ ও আজকের বাংলাদেশ:** ভূমিকম্পের দুর্যোগ কখন আসবে, কাঁপিয়ে তুলবে, তার দিনক্ষণ সুনির্দিষ্ট করে পূর্বাভাস দেয়া যায় না। ভূমিকম্পের ক্ষয়ক্ষতি ন্যূনতম পর্যায়ে রাখার জন্য এ বিষয়ে ব্যাপক জনসচেতনতা গড়ে তুলতে হবে।
- (খ) **দৈনিক স্বজন:** স্কুল পাঠ্যবইয়ের তথ্য বিকৃতি, বানান ভুল, লেখা পরিবর্তন, পরিমার্জন ইত্যাদি নিয়ে নানা আলোচনা সমালোচনা নতুন কিছু নয়। এসব কারণে ভোগান্তিতে পড়তে হচ্ছেন শিক্ষার্থীদের। পাঠ্যবইয়ের মতো গুরুত্বপূর্ণ বিষয়ে ভুল-ভ্রান্তি ও বিকৃতি যেন কোনোভাবেই আর না থাকে সে বিষয়ে সরকার ও সংশ্লিষ্টদের সর্বোচ্চ সচেতনতা আশা করা যায়।
- (গ) **দৈনিক জাহান, দৈনিক হৃদয়ের বাংলা, দৈনিক নিউ টাইমস, দৈনিক দেশের খবর, দৈনিক উর্মিবাংলা প্রতিদিন ও দৈনিক দিনের পালা:** দীর্ঘ ১১ বছরেও সাংবাদিক দম্পতি সাগর-রুনি হত্যাকাণ্ডের তদন্ত শেষ না হওয়া এবং বিচার না হওয়া খুবই বেদনাদায়ক। সাগর-রুনি হত্যার রহস্য অমীমাংসিত রাখার কোনো সুযোগ নেই। এই হত্যাকাণ্ডের বিচার অবশ্যই করতে হবে।
- (ঘ) **দৈনিক ব্রহ্মপুত্র এক্সপ্রেস:** নদী-নালা, বিল, হাওড়, বাঁওড়ের মতো বহু জলাভূমি রয়েছে বাংলাদেশে। কিন্তু এসব জলাভূমিগুলো ভরাটের মাত্রা দিনদিন বেড়েই চলেছে। স্থানীয়, আঞ্চলিক ও জাতীয় পর্যায়ে জলাভূমিগুলোর সংরক্ষণ, উন্নয়ন ও ব্যবস্থাপনার কথা গুরুত্বের সঙ্গে ভাবতে হবে।

## প্রবন্ধ/নিবন্ধ

- ০১। চালের দাম ও সামাজিক নিরাপত্তাবলয়- ড. মো. ফখরুল ইসলাম (দৈনিক স্বজন)
- ০২। ফেব্রুয়ারি আত্মশ্রদ্ধার মাস দীপ্ত আশার মাস- আহমেদ আমিনুল ইসলাম (দৈনিক জাহান, দৈনিক হৃদয়ের বাংলা, দৈনিক নিউ টাইমস, দৈনিক দেশের খবর, দৈনিক উর্মিবাংলা প্রতিদিন)
- ০৩। ফল আর্মিওয়ার্ম ও সমন্বিত বালাই ব্যবস্থাপনা-ড. মো. রুহুল আমীন (দৈনিক আজকের ময়মনসিংহ ও দৈনিক সকালের দুনিয়া)
- ০৪। প্রমিত বাংলা কি মান্য বাংলা?- ড. বেগম জাহান আরা (দৈনিক সবুজ)

#